



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর সদর, নাটোর।

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আবু সাঈদ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	২৭.১১.২০১৪ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর সদর, নাটোর।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট "ক") স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে দেশ থেকে দুর্নীতি দূরীকরণ, সুশাসন প্রতিষ্ঠা ও দেশের সামগ্রিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। সকল দপ্তরকে এই কৌশল মেনে দাপ্তরিক কাজ পরিচালনা করতে হবে। শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অত্র দপ্তরের অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, কর্মপরিকল্পনা প্রণয়ন এবং কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে নিয়ে আলোচনা করা হয়। জনগনের মাঝে কিভাবে সেবা আরও সহজ করা যায় সে বিষয়ে আলোচনা করা হয়। অফিসের কর্ম পরিবেশ উন্নয়নের জন্য তিনি সকল কর্মচারিকে ধন্যবাদ জানান। এছাড়া গত সভার সিদ্ধান্ত এর কি পরমাণ বাস্তবায়ন হয়েছে সে বিষয়ে আলোচনা হয় এবং সভায় উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। গত সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

সিদ্ধান্ত ১-নৈতিকতা কমিটির সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নের জন্য সকলকে সচেতন থাকার জন্য বলা হয়।

সিদ্ধান্ত ২- ত্রৈমাসিকের শুরুতেই সভা আয়োজন করতে হবে।

সিদ্ধান্ত ৩- জনগনের মাঝে সেবা আরও সহজে পৌঁছে দেওয়া।

সিদ্ধান্ত ৪- অফিসের কর্ম পরিবেশ উন্নয়ন- ক।ফাইল সঠিক ভাবে গুছিয়ে রাখতে হবে।


খ। স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা।

গ। অফিস পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

সকল সংযুক্তিসমূহ:

(১) নৈতিকতা কমিটির সভার হাজিরা



০১-১২-২০২৪

মোঃ আবু সাঈদ


সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

নম্বর: ৩৩.০২.৬৯৬৩.৫০১.১৭.০০১.২৪.৯

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।
- ২। সংশ্লিষ্ট নথি।



০১-১২-২০২৪

মোঃ আবু সাঈদ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা